

## ডঃ এম ওয়াজেদ মিয়ার মৃত্যুতে অস্ট্রেলিয়া ছাত্রলীগের উদ্যোগে শোকসভা



বর্নাত্য কর্মময় জীবনের অধিকারী আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন পরমানু বিজ্ঞানী বাংলাদেশ পরমানু শক্তি কমিশনের সাবেক চেয়ারম্যান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সদ্য প্রয়াত স্বামী ডঃ এম ওয়াজেদ মিয়ার স্মরণে অস্ট্রেলিয়া শাখা ছাত্রলীগের উদ্যোগে ১২৭ রেডফার্ন স্ট্রীট সাউথ এশিয়ান ইন্টারনেট ক্যাফে এ্যান্ড থ্রোসারিজ (অস্ট্রেলিয়া

ছাত্রলীগের স্থানীয় কার্যালয়) এ শোক সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। গত ২৫ ই মে সন্ধ্যা ৭ টায় অনুষ্ঠিত শোকসভায় অনেক ছাত্রছাত্রী এবং গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে কোরআন থেকে তেলোয়াত করেন জনাব জিহাদ আশরাফী। উক্ত শোক সভায় অস্ট্রেলিয়া ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি সরদার বেলাল হোসেনের সভাপতিত্বে এবং পরিশ্রমী ও ত্যাগী ছাত্রনেতা জনাব পালিন উকিলের সুন্দর ও সাবলীল পরিচালনায় জনাব ওয়াজেদ মিয়ার কর্মময় জীবনের উপর আলোকপাত করেন জনাব ওসমান গনি, আনিসুর রহমান রিতু, ডঃ নিজামউদ্দিন আহমেদ, অপু সরোয়ার, মুইদুজ্জামান সুজন, জুয়েল হোসেন, আমিনুল ইসলাম রুবেল, ফরিদ আহমেদ সুমন, আহমেদ নাফিস মহিউদ্দিন, মোঃ বিন ইয়ামিন এমেকা, সঞ্চয় সাহা, মিরাজ হোসেন, এস আই রুবেল চৌধুরী, মোঃ রতন, অঞ্জন বিশ্বাস, মির্জা খালেদ যুবায়ের (ফুয়াদ) প্রমুখ।

সভায় প্রধান অতিথির বক্তব্যে ডঃ নিজামউদ্দিন আহমেদ বলেন যে তার মত মেধাবী এবং সৎ একজন মানুষকে হারিয়ে দেশের অনেক ক্ষতি হয়েছে যা পুরন হবার নয়। দেশের স্বার্থে তিনি যথার্থ ভূমিকা রেখেছেন।

বিশেষ অতিথির বক্তব্যে জনাব ওসমান গনি আলোকপাত করেন যে, তিনি ছিলেন একজন স্বতন্ত্র মানুষ। জীবন যাপন করেছেন সাধকের মত। একজন মেধাবী পরমানু বিজ্ঞানী হিসেবে গৌরবান্বিত ছিলেন, কিন্তু গর্বিত ছিলেন না কখনও।



জনাব আনিসুর রহমান রিতু বিশেষ অতিথির বক্তব্যে বলেন রাজনীতির কেন্দ্রে থেকেও তিনি রাজনীতিক ছিলেন না, ছিলেন রাজনীতির উর্দে। তাই বলে দেশের বৃহৎ রাজনৈতিক পরিবারের এবং দলের সভানেত্রী ও প্রধানমন্ত্রীর স্বামী হিসেবে তার ভূমিকা কম উজ্জ্বল নয়।

জনাব আল নোমান শামীম বলেন - ওয়াজেদ মিয়া বিভিন্ন সময়ে সাধক বিজ্ঞানীর পরিমন্ডল থেকে নিজেকে বের করে এনেছেন, মুখ খুলেছেন নানা বিষয়ে, দেশের স্বার্থে যথার্থ ভূমিকা রেখেছেন। জাতির ইতিহাসকে উজ্জ্বল করে রাখতে রচনা করেছেন মূল্যবান দালিল গ্রন্থ।

সাধারণ সম্পাদক অপু সরোয়ার তার কর্মময় জীবনের উপর বিস্তারিত আলোচনা করেন এবং সাবেক ছাত্রলীগ নেতা হিসাবে মরহুম ওয়াজেদ মিয়াকে এবং তার আদর্শ কে অনুসরণ করার জন্য বর্তমান ছাত্রলীগ নেতাদের পরামর্শ প্রদান করেন।

মরহুমের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মুনাজাত ও এক মিনিট নীরবতা পালন করা হয়। সর্বশেষে নৈশভোজের মাধ্যমে শোক সভা সমাপ্ত হয়।